



শারীরিক প্রতিবন্ধী কোটায় ভর্তির বিজ্ঞপ্তি

তারিখ: ২৮.১২.২০১৭

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের F-ইউনিট-এর ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষায় শারীরিক প্রতিবন্ধীদের জন্য নির্ধারিত কোটায় ভর্তির নিমিত্তে উত্তীর্ণ পরীক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে শারীরিক প্রতিবন্ধী নির্বাচন কমিটি কর্তৃক নির্বাচিত পরীক্ষার্থীদের মেধাক্রম ও বিষয় পছন্দক্রমের ভিত্তিতে নিম্নলিখিত পরীক্ষার্থীদেরকে অনুষদ ও বিভাগের শর্তপূরণ সাপেক্ষে ভর্তির জন্য মনোনিত করা হলো। তাদেরকে আগামী ৩১.১২.২০১৭ তারিখ সকাল ১০.০০ টা থেকে বেলা ৩.০০টার মধ্যে ভর্তি প্রক্রিয়া অবশ্যই সম্পন্ন করতে হবে, অন্যথায় নির্বাচন বাতিল হিসেবে গণ্য হবে। প্রদত্ত ফলাফলে কোন ধরনের ভুল-ত্রুটি/অসঙ্গতি পরিলক্ষিত হলে তা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ভর্তির ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের তথ্যে কোন প্রকার অসঙ্গতি পরিলক্ষিত হলে তার ভর্তি বাতিল হিসেবে গণ্য হবে। ভর্তির সময় ভর্তি পরীক্ষার মূল প্রবেশ পত্র অবশ্যই দেখাতে হবে, অন্যথায় নির্বাচন বাতিল হবে।

উল্লেখ্য, ভর্তির সময় এস.এস.সি. ও এইচ.এস.সি.-র মূল নম্বরপত্র এবং এইচ.এস.সি.-র মূল রেজিস্ট্রেশন কার্ড অনুষদ অফিসে A4 সাইজের খাকি খামে ভরে জমা দিতে হবে।

আসন ফাঁকা থাকা সাপেক্ষে পরবর্তীতে মেধাক্রম ও বিষয় পছন্দক্রম অনুযায়ী নতুন তালিকা ০২.০১.২০১৮ তারিখে অনুষদের নোটিশ বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে। এছাড়া ভর্তির জন্য যাবতীয় তথ্যাদি ও নিয়মাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (admission.ru.ac.bd) থেকে জানা যাবে।

**** ভর্তির সময় ৫০০/- (পাঁচশত) টাকা অনুষদ অফিসে জমা দিতে হবে।**

(প্রফেসর ড. মো. সাইফুল ইসলাম ফারুকী)

চীফ কো-অর্ডিনেটর

F-ইউনিট, ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৭-২০১৮

ও

ডীন, জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়